

শিশু ও তরুণরা খ্রীষ্টের সেবায় আনন্দ উপভোগ করে

শিশুদের কাছে অনুসরণের জন্য যীশুই সর্বশ্রেষ্ঠ আদর্শ

শিশুদের বয়সের সঙ্গে এবং বর্তমান প্রয়োজনের সঙ্গে সায়ুজ্যপূর্ণ কার্যকলাপ পছন্দ করুন।

শিক্ষকের প্রার্থনা : “প্রভু, তুমি সর্বদা সর্বত্র শিশুদের ভালবেসেছিলে। তোমার মত আমাদেরও তাদের প্রতি সহানুভূতিশীল এবং করুণাপূর্ণ হতে এবং তাদের কাছ থেকে শিখতে সাহায্য কর।”

শিশুদের প্রার্থনা : “প্রিয়যীশু আমাদের ভালবাসার জন্য এবং আমাদের প্রতি কিরুপ দয়াপূর্ণ ব্যবহার করতে হবে তা লোকদের দেখানোর জন্য তোমাকে ধন্যবাদ। তোমার সেবা করতে এবং তোমার কথা মত কাজ করত আমাদের সাহায্য কর।”

“পরে যীশু শিশুদের কোলে করিলেন ও তাহাদের উপরে হস্তার্পণ করিয়া আশীর্বাদ করিলেন।” (মার্ক ১০ঃ১৬)

একটি ছবি অঙ্কন কর :

- শিশুদের একটি হাসিখুশি শিশুর ছবি আঁকতে দিন যা ব্যাখ্যা করবে যে যীশু তাদের যত্ন করেন।
- বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।

বাবা মাকে ছবিগুলো দেখান এবং ব্যাখ্যা করুন যে যীশু শিশুদের ভালবাসেন। যীশু শিশুদের জন্য কত চিন্তা করতেন সেই বিষয়ে মার্ক ১০ঃ১৩-১৬ পদে খুঁজে দেখুন। শিশুদের কাছে ইহা পাঠ করুন অথবা মন থেকে বলুন যাতে তারা মনে রাখতে পারে।



শিশুদের জিজ্ঞাসা করুন :

- লোকেরা কেন শিশুদের যীশুর কাছে এনেছিলেন? (শিশুদের উত্তর দিতে দিন।)
- কারা লোকদের শিশুদের সরিয়ে নিয়ে যেতে বলেছিলেন?
- শিশুদের যখন পাঠিয়ে দেওয়া হচ্ছিল তখন তা দেখে যীশুর কি অনুভূতি হয়েছিল?
- যীশু শিশুদের বিষয়ে কি বলেছিলেন?
- আমাদের যীশুর আরাধনার মধ্যে শিশুদের স্বাগতঃ জানানো কত গুরুত্বপূর্ণ বিষয়?

শিক্ষণ ও ক্রিয়াকলাপ: বাবা মায়েরা যখন শিশুদের যীশুর কাছে নিয়ে এসেছিলেন তখন কি ঘটতে পারে অনুমান করুন।

শিশুরা: এমন ভাণ করবে যেন তাদের যীশুর শিষ্য মনে হয়।

- শিশুদের যীশুর কাছে নিয়ে আসার বিষয়ে বিরত করার জন্য আপনি বাবা মাদের কি কি কারণ বলবেন? উদাহরণ সমূহঃ
- “যীশু খুব ব্যস্ত।”
- “যীশুর কথা বোঝার পক্ষে এই শিশুরা খুব ছোট।”
- “তোমরা আমাদের মহান গুরুর প্রতি অশ্রদ্ধা করছ।”
- শিষ্যরা কি করতেন বলে শিশুরা যা মনে করে, সেই বিষয়গুলো তাদের বলতে দিন।

শিশুরা: এখন তোমরা বাবা হওয়ার ভাণ কর। শিশুদের যীশুর কাছে নিয়ে আসার কারণগুলো বল।

শিশুরা: শিশুরা এখন তোমরা সেই সকল শিশুর মত হওয়ার ভাণ কর, যাদের যীশু গ্রহণ করেছেন। যীশুর বিষয়ে তোমরা কি বলবে?

শিশুদের যীশুর কাছের আসার গল্পটি নাটকে পরিণত করুন (মার্ক ১০ঃ১৩-১৬)।

- আরাধনার সময় এই ছোট নাটকটি বড়দের কাছে উপস্থাপনের জন্য প্রস্তুত করুন। আরাধনার নেতাদের সঙ্গে আয়োজনের ব্যবস্থা করুন।
- যদি কিছু সংখ্যক লোক এই নাটকটি উপস্থাপন করার জন্য শিশুদের সঙ্গে যোগ দেন তবে নাটকটি আরও কর্তৃত্বপূর্ণভাবে সংযোগ ঘটতে পারবে।
- বড় শিশুরা ছোটদের প্রস্তুত করতে সাহায্য করবে।
- বড় শিশুরা অথবা প্রাপ্ত বয়স্করা বাবা-মা, বর্ণনাকারী এবং যীশুর ভূমিকায় অভিনয় করবে।
- ছোট শিশুরা শিষ্যদের এবং শিশুদের ভূমিকায় অভিনয় করবে।

বাবা-মা: শিশুদের হাত ধরে যীশুর কাছে হেঁটে যাবে, যিনি ঘরের একদিকে বসে থাকেবেন। বাবা-মা বলবেন, “এসো, আমরা যীশুকে দেখি।”

বর্ণনাকারী: মার্ক ১০ঃ১৩ পদ পাঠ করবে।

শিষ্যগণ: এই ধরণের কথাগুলো নিজের ভাষায় বলতে হবে...

“প্রভু, তুমি খুব ব্যস্ত!” “এই সব পুঁচকে শিশুদের জন্য তুমি তোমার সময় নষ্ট করতে পার না!”

যীশু: তিনি আবার মার্ক ১০ঃ১৫ পদে যীশুর কথাগুলো দৃঢ়তার সঙ্গে বলবেন

“আমি তোমাদিগকে সত্য বলিতেছি, যে ব্যক্তি শিশু বৎ হইয়া ঈশ্বরের রাজ্য গ্রহণ না করে, সে কোন মতে তাহাতে প্রবেশ করিতে পাইবে না।” (শিশুদের গ্রহণ করবেন)

বর্ণনাকারী: মার্ক ১০ঃ১৬ পদটি জোড়ে পাঠ করবেন। তারপর যারা নাটকটিতে সাহায্য করেছেন তাদের ধন্যবাদ দেবেন।

শিশুরা যদি আরাধনার সময় নাটকটি উপস্থাপন করেন, তবে তাদের বড়দের কাছে সেই একই প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন, যে প্রশ্নগুলো তারা মার্ক ১০ঃ১৩-১৬ পদের ক্ষেত্রে জিজ্ঞাসা করেছিল অথবা অন্য কোন প্রশ্ন যা তারা প্রস্তুত করেছে। এছাড়াও তাদের কবিতাটি এবং মুখস্থ পদটিও পুনরাবৃত্তি করতেন দিন।

কবিতা গীত ১২৭ এর ১, ৩, ৪, ৫ পদগুলো এক একটি করে মোট চারজন শিশুকে আবৃত্তি করতে দিন।

যদি সদাপ্রভু গৃহ নিৰ্মাণ না করেন, তবে নিৰ্মাতারা বৃথাই পরিশ্রম করে।

যদি সদাপ্রভু নগর রক্ষা না করেন, রক্ষক বৃথাই জাগরণ করে।

সন্তানেরা সদাপ্রভুর অধিকার, গর্তের ফল তাঁহার দত্ত পুরস্কার।

যেমন বীরের হস্তে বাণ সকল, তেমনি যৌবনের সন্তানগণ।

ধন্য সেই পুরুষ, যাহার তৃণ তাদৃশ বাণে পরিপূর্ণ।

লোকেরা শিশুদের ভালবাসছেন অথবা বড় শিশুরা ছোট শিশুদের সাহায্য করছেন, এই বিষয়ে বড় শিশুদের কবিতা, গান বা ছোটগল্প লিখতে বলুন।

মুখস্ত পদঃ

- বড় শিশুদের মার্ক ১০ঃ১৩-১৫ পদ মুখস্থ করতে দিন।
- ছোট শিশুদের মার্ক ১০ঃ১৪ পদে যীশুর কথাটাই কেবল মুখস্থ করতে দিন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net